



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2021

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল সাশ্রয়ী স্বাস্থ্য কভারেজ বৃদ্ধি করতে 750 মিলিয়ন মার্কিন ডলার
ফেডারেল অর্থায়নকে স্বাগত জানিয়েছেন**

আমেরিকান রেস্কিউ প্ল্যানের অর্থায়ন এসেনশিয়াল প্ল্যানকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বাইডেন-হারিস প্রশাসনের সেন্টার্স ফর মেডিকেয়ার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেস (Centers for Medicare & Medicaid Services, CMS) নিউ ইয়র্কের এসেনশিয়াল প্ল্যানের (Essential Plan) জন্য আমেরিকান রেস্কিউ প্ল্যান (American Rescue Plan) থেকে অতিরিক্ত 750 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

"আমরা যদি এই মহামারীর ইতি টানতে চাই, আমাদের নিশ্চিত করতে হবে সকল নিউ ইয়র্কবাসীর যাতে সাশ্রয়ী, নির্ভরযোগ্য স্বাস্থ্য সেবা কভারেজের সুযোগ থাকে," **গভর্নর হোকল বলেন।** "আমি ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) এবং হিউম্যান সার্ভিসেস সেক্রেটারি হ্যাভিয়ের বেকেরা এবং CMS প্রশাসক চিকিতা ব্রুকস-লাশিওরকে এই অর্থায়ন ও আমাদের চলমান অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই। অতিরিক্ত 750 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অর্থায়ন এসেনশিয়াল প্ল্যানকে সমর্থন করবে এবং নিউ ইয়র্কের কভারেজ আরো বৃদ্ধি করতে আমাদের সাহায্য করবে এবং স্বাস্থ্য ন্যায্যতা অর্জনে আমাদেরকে লক্ষ্যের আরো কাছে নিয়ে যাবে।"

নিউ ইয়র্কের এসেনশিয়াল প্ল্যান হল একটি স্টেট পরিচালিত স্বাস্থ্য বীমা প্রোগ্রাম যা সেইসব ব্যক্তি ও পরিবারকে সেবা দিবে যারা মেডিকেইডের সুযোগ পাওয়ার জন্য বেশি উপার্জন করে, কিন্তু বেসরকারি বীমার প্রিমিয়াম তাদের জন্য বেশি ব্যয়বহুল। 2015 সালে এসেনশিয়াল প্ল্যান শুরু করার পর থেকে তালিকাভুক্তি তিনগুণ বৃদ্ধি পেয়েছে, বর্তমানে তালিকায় 925,000 জন আছে, এবং উপরন্তু চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) আরো নিউ ইয়র্কবাসীকে এমন সাশ্রয়ী প্রতিরোধমূলক সেবা প্রদান করে যা তাদের ও তাদের পরিবারকে স্বাস্থ্যবান রাখে। সামগ্রিকভাবে, নিউ ইয়র্কবাসীরা এসেনশিয়াল প্লানে অন্তর্ভুক্তির মাধ্যমে 2021 সালে কোয়ালিফাইড হেলথ প্ল্যান (Qualified Health Plan) কভারেজের তুলনায় স্বাস্থ্যসেবা খরচে 1 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করছে।

নিউ ইয়র্ক হল দুইটি স্টেটের একটি যারা অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্টের (Affordable Care Act) একটি বিধান ব্যবহার করছে যা স্টেটকে বেসিক হেলথ প্রোগ্রাম তৈরি করতে দেয়, অন্য স্টেটটি মিনেসোটা। পরিকল্পনাগুলি নকশা করা হয়েছে সেইসব নিম্ন থেকে মধ্য আয়ের ব্যক্তি ও

পরিবারকে সাশ্রয়ী স্বাস্থ্য সেবা প্রদানের জন্য যারা অন্য প্রোগ্রামের জন্য উপযুক্ত নয়, যাতে বীমাহীন বা স্বল্প বীমাযুক্ত মানুষের সংখ্যা হ্রাস পায়। 2013 সাল থেকে নিউ ইয়র্কের বীমাহীনের হার 10 শতাংশ থেকে 5 শতাংশে নামিয়ে আনতে এসেনশিয়াল প্ল্যান বিশাল ভূমিকা রেখেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এলেকট্রনিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)